যুবদলের কেন্দ্রীয় কমিটিতে যুগ্ম সাধারণ সম্পাদক পদ পেলেন নয়ন



যুবদলের কেন্দ্রীয় কমিটিতে যুগ্ম সাধারণ সম্পাদক রবিউল ইসলাম নয়ন। ছবি: সংগৃহীত

জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক পদে দায়িত্ব পেয়েছেন ঢাকা মহানগর দক্ষিণ যুবদলের সদস্যসচিব রবিউল ইসলাম নয়ন। সম্প্রতি ঘোষিত ১৫১ সদস্যের কেন্দ্রীয় কমিটিতে তাকে এ পদে অন্তর্ভুক্ত করা হয়।

বুধবার (৩ জুন) আবদুল মোনায়েম মুন্নাকে সভাপতি এবং মোহাম্মদ নূরুল ইসলাম নয়নকে সাধারণ সম্পাদক করে নতুন কমিটি অনুমোদন দেওয়া হয়। বিষয়টি বৃহস্পতিবার (৪ জুন) বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভীর স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

নতুন দায়িত্ব পাওয়ার পর নিজের ফেসবুক পোস্টে রবিউল ইসলাম নয়ন দলের শীর্ষ নেতৃত্বের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, দলের আদর্শ ধারণ করে ভবিষ্যতেও সংগঠনের জন্য কাজ চালিয়ে যাবেন।

যুবদলের নতুন কমিটিতে গুরুত্বপূর্ণ পদ পাওয়ায় নেতাকর্মীদের মধ্যে উৎসাহ দেখা গেছে। ছাত্রদল থেকে রাজনীতিতে উঠে আসা রবিউল ইসলাম নয়ন দীর্ঘদিন ধরে মাঠপর্যায়ে সক্রিয় রাজনীতি করে পরিচিতি অর্জন করেছেন। বিভিন্ন আন্দোলন-সংগ্রাম ও দলীয় কর্মসূচিতে তার অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য।

রাজনৈতিক জীবনে একাধিক মামলা, গ্রেপ্তার ও চাপের মুখেও তিনি সংগঠনের কার্যক্রমে সক্রিয় ছিলেন। বিএনপির আন্দোলনের বিভিন্ন সময়ে মাঠে সরব উপস্থিতির কারণে দলীয় অঙ্গনে তিনি আলোচনায় আসেন।